গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.১১৭৯

তারিখ: ২৪ কার্তিক ১৪২৮
০৯ নভেম্বর ২০২১

বিষয়: **কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন ফুলবাড়ী আবেদীয়া দাখিল মাদ্রাসার কর্মরত সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মাহমুদা বেগম (ইনডেক্স নং-N2109529) এর প্রার্থীত পদবী সংশ্লিষ্ট বিষয় সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

সূত্র: (০১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী,কুড়িগ্রাম, এর স্মারক নং-উমাশিঅ/ফুল/কুড়ি/২০২১/৫২, তারিখ: ১৬/০৩/২০২১ খ্রি.
(০২) তদন্তকারী কর্মকর্তা জনাব আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা) এবং নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.২১.৩৭; তারিখ: ২৭/০৯/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন ফুলবাড়ী আবেদীয়া দাখিল মাদ্রাসার কর্মরত সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মাহমুদা বেগম (ইনডেক্স নং-N2109529) এর প্রার্থীত পদবী সংশ্লিষ্ট বিষয় সংশোধনের আবেদন সূত্রোস্থ (০১) নং স্মারকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর মাধ্যমে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। পদবীর সংশোধনের আবেদনটি নিস্পত্তির লক্ষ্যে জনাব মোঃ আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য দায়িত্ব প্রদান করা হলে **জনাব মোঃ আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্রোস্থ (০২) নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত প্রতিবেদনে মতামতসহ উল্লেখ করেন** "এমপিওশীটে বর্ণিত শিক্ষকের পদবী সংশ্লিষ্ট বিষয় সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট কাগজপত্র যাচাইয়ে দেখা যায় যে, জনাব মাহমুদা বেগম (ইনডেক্স নং-2109529) বর্ণিত মাদ্রাসায় সহকারী শিক্ষক (বাংলা) পদে ২৩/০৬/২০১৪ খ্রি. তারিখে যোগদান করেন এবং জানুয়ারি/২০১৫ সালে ১১ কোডে সহকারী শিক্ষক (বাংলা) পদে এমপিওভুক্ত হয়ে বিএড ডিগ্রি অর্জনের মাধ্যমে বর্তমানে ১০ কোডে বেতন ভাতা পেয়ে আসছেন। প্রথম এমপিওশীট থেকে জনাব মাহমুদা বেগম এর নামের পশে বিষয় Social Science মুদ্রিত হয়ে আসছে। জনাব মাহমুদা বেগম এর নিয়োগ সংক্রান্ত সকল কাগজ পত্রে **তথা পত্রিকার বিজ্ঞপ্তি, সংশ্লিষ্ট পদে চাকুরির আবেদন, নিয়োগ বোর্ডের ফলাফল শীট ও রেজুলেশন নিয়োগপত্র ও যোগদান পত্রের বিষয়ের নাম (Bangla) উল্লেখ আছে। জনাব মাহমুদা বেগম এর সকল একাডেমিক মুল সনদসহ নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্র যাচাইয়ান্তে দেখা যায় যে, জনাব মাহমুদা বেগম তার স্নাতক ও স্নতকোত্তর ডিগ্রি বাংলাতে অর্জন করেছেন। অর্থাৎ সহকারী শিক্ষক (বাংলা) এর অনুকূলে শিক্ষকতা যোগ্যতার কাম্য সনদসমূহ (এস.এস.সি, এইচ.এস.সি, অনার্স, মাস্টার্স) যথাযথ রয়েছে।** যেহেতু নিয়োগ সংক্রান্ত সকল কাগজপত্রে বিষয় বাংলা উল্লেখ আছে এবং সহকারী শিক্ষক (বাংলা) পদের কাম্য শিক্ষাগত যোগ্যতার সনদ রয়েছে সেহেতু এমপিওশীটে বিষয় Bangla সংযোজনে কোন বাধা নেই মর্মে প্রতীয়মান হয়। অধিকন্তু এমপিও শীটে বিষয় সংযোজিত হলে জনাব মাহমুদা বেগম এর বেতন কোডের (১০) কোন পরিবর্তন হবেনা এবং এতে সরকারের কোন আর্থিক ক্ষতির সম্ভাবনা নেই। এমতাবস্থায়,**কুড়িগ্রাম কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন ফুলবাড়ী আবেদীয়া দাখিল মাদ্রাসার কর্মরত সহকারী শিক্ষক (বাংলা) জনাব মাহমুদা বেগম (ইনডেক্স নং-N2109529) এর বিষয় Bangla সংযোজন করার জন্য সুপারিশ করা হলো।"**

০৩। তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকারপ্রার্থীর আবেদনের ভিত্তিতে জনাব মাহমুদা বেগম (ইনডেক্স নং-N2109529) এর তথ্য এবং প্রার্থীত পদবী নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠনের ঠিকানা	সহকারী শিক্ষক বাংলা পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান পদবী সংশ্লিষ্ট বিষয়	প্রার্থীত পদবী সংশ্লিষ্ট বিষয়	মন্তব্য
০১	জনাব মাহমুদা বেগম (ইনডেক্স নং-N2109529), ফুলবাড়ী আবেদীয়া দাখিল মাদ্রাসা, ফুলবাড়ী, কুড়িগ্রাম	২৩/০৬/২০১৪ খ্রি.	Social Science	Bangla	এমপিও শীটে বিদ্যমান পদবী সংশ্লিষ্ট বিষয় Social Science এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থীত পদবী সংশ্লিষ্ট বিষয় Bangla সংশোধন যোগ্য।

০৪। এমতাবস্থায়, তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ আফাজ উদ্দিন, সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকার প্রার্থীর আবেদন অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনাব মাহমুদা বেগম (ইনডেক্স নং-N2109529) এর পদবী সংশ্লিষ্ট বিষয় Social Science এর স্থলে Bangla সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তা দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪।**প্রতিকারপ্রার্থী জনাব মাহমুদা বেগম (ইনডেক্স নং-N2109529) কোনরূপ বকেয়া দাবি করতে পারবে না।**

সংযুক্তি: বর্ণনামতে-০৪ ফর্দ।

৯-১১-২০২১
কে, এম, রুহুল আমীন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.৩৪.০০১.২১.১১৭৯/১(৬)

তারিখ: ২৪ কার্তিক ১৪২৮
০৯ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) সহকারী পরিচালক (অর্থ) ও সদস্য সচিব,এমপিও কমিটি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।, ।

৫) সভাপতি/সুপার/ জনাব মাহমুদা বেগম (ইনডেক্স নং-N2109529), সহকারী শিক্ষক (বাংলা), ফুলবাড়ী আবেদীয়া দাখিল মাদ্রাসা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

৬) মহাপরিচালকের মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

৯-১১-২০২১
জান্নাতুন নাহার
সহকারী পরিচালক